## উপজেলা পরিষদের জানুয়ারি-২০২৫ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব অহনা জিন্নাত, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, মদন, নেত্রকোণা |
| সভার তারিখ ও সময় | : | ২১.০১.২০২৫ খ্রিঃ, বেলা ১২.০০ টা। |
| **সভার স্থান** | : | **উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ** |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-ক |
| সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-খ |

সভায় কর্মকর্তার স্থলে উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা: পরিশিষ্ট-গ

সভার শুরুতে প্রশাসক, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা ও সভার সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে কার্যক্রম শুরু করেন এবং আলোচ্যসূচি অনুযায়ী পরবর্তী কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী/সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়ন কর্মকান্ডের উপর ধারাবাহিকভাবে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার প্রতিনিধি জানান যে, জরুরী বিভাগ, অন্তঃ বিভাগ, বহির্বিভাগে রোগীদের সেবা অব্যাহত রয়েছে। গর্ভবতী মায়েদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে পৃথক এএনসি(ANC) কর্নারে সেবা অব্যাহত রয়েছে এবং শিশুদের জন্য পৃথক আইএমসিআই কর্ণারে সেবা অব্যাহত রয়েছে। অসংক্রামক রোগে আক্রান্ত (উচ্চরক্তচাপ, ডায়াবেটিস) রোগীদের সেবা দ্রুততার সহিত নিশ্চিত করার লক্ষ্যে পৃথক এনসিডি কর্ণার চালু হয়েছে। এইচপিভি ভ্যাকসিন ৯৮% সম্পন্ন হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ২৫ জন চিকিৎসকের পদ রয়েছে কিন্তু তন্মধ্যে ০৩ জন চিকিৎসক রয়েছেন, বাকি ২২ জন চিকিৎসকের পদ শূন্য থাকায় চিকিৎসা সেবা বিঘ্নিত হচ্ছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (ক) রোগীদের সেবার মান বাড়াতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং জন্ম নিবন্ধনের জন্য গর্ভবতী মায়েদের তালিকা সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কোয়ার্টারে বসবাসকারী কর্মকর্তা/কর্মচারীদের বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, মদন। |
| ২. | উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, মদন উপজেলা একটি হাওর বেষ্ঠিত উপজেলা। মদনে ১৭৬০০ হেক্টর জমিতে বোরো আবাদ হয়। ৯৫% বোরো আবাদ সম্পন্ন হয়েছে। সারের কোন সংকট নেই। এ উপজেলায় কৃষকেরা বস্তায় আদা চাষে উদ্বুদ্ধ হচ্ছে। ফসল উৎপাদন বৃদ্ধিতে মাঠ পর্যায়ে কর্মকর্তাবৃন্দ কাজ করে যাচ্ছে। সার বীজের কৃত্রিম সংকট রোধে মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। | (ক) সার বীজের কৃত্রিম সংকট যেন সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদান কার্যক্রম চলমান রাখতে হবে।<br>(গ) জুলাই/২৪ হতে ডিসেম্বর/২৪ মাসে কোন কোন আইনে মোবাইল কোর্ট পরিচালনা হয়েছে, কি পরিমাণ জরিমানা/দন্ডিত হয়েছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, মদন |
| ৩. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, হাঁস মুরগি ও গবাদি পশুর টিকার কার্যক্রম চলমান রয়েছে। এলএসডি রোগের প্রাদুর্ভাব কমেছে। উন্নত জাতের ঘাস চাষে খামারীদের উদ্বুদ্ধ করা হচ্ছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (ক) হাঁস-মুরগি ও গবাদি পশুর টিকা কার্যক্রমের চলমান রাখতে হবে।<br>(খ) গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>(গ) জুলাই/২৪ হতে ডিসেম্বর/২৪ মাসে কোন কোন আইনে মোবাইল কোর্ট পরিচালনা হয়েছে, কি পরিমাণ জরিমানা/দন্ডিত হয়েছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মদন |
| ৪. | উপজেলা মৎস্য বিভাগঃ উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, মৎস্য চাষীদের নিয়ে সচেতনতামূলক সভা করা হচ্ছে। তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে মৎস্য চাষীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়<br>(গ) সকল মৎস্যজীবী সমিতিকে নিয়ে মাছ ধরার বিষয়ে সচেতনতামূলক সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, মদন |
| ৫. | উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র অগ্রাধিকারভিত্তিক প্রকল্পের তালিকা প্রেরণের নিমিত্ত ইউনিয়ন পরিষদের সম্মানীত চেয়ারম্যান/প্রশাসকগণের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>তিনি সভায় আরো জানান যে, মদন উপজেলাধীন কাইটাইল বাজার-নায়েকপুর ইউপি রোড ভায়া বাশরী বাজার রোড চেই: ১৫০০ মি. এ আরসিসি বক্স কালভার্ট টি পুরাতন ও বিধ্বস্ত হওয়ায় নিলামে বিক্রয় করার বিষয়ে আলোচনা করেন।<br><br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ৫ আগস্ট উদ্ভূত পরিস্থিতিতে উপজেলা পরিষদ ভবন, হলরুমের দরজা, জানালা, বাথরুম, আসবাবপত্র ব্যাপক ক্ষতিগ্রস্থ হয়। নিরাপত্তার স্বার্থে ভবনের দরজা জানালা মেরামত করা প্রয়োজন। তাই জরুরীভিত্তিতে মেরামতের বিষয়ে আলোচনা হয়। | ক) ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র আওতায় অগ্রাধিকারভিত্তিক প্রকল্পের তালিকা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) মদন উপজেলাধীন কাইটাইল বাজার-নায়েকপুর ইউপি রোড ভায়া বাশরী বাজার রোড চেই: ১৫০০ মি. এ আরসিসি বক্স কালভার্ট টি পুরাতন ও বিধ্বস্ত হওয়ায় বিধি মোতাবেক নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>গ) উপজেলা পরিষদ নতুন কমপ্লেক্স ভবনের দরজা জানালা মেরামত করার নিমিত্ত সর্বোচ্চ ২০০০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে প্রাক্কলন প্রস্তুতপূবক পিআইসি কমিটির মাধমে বাস্তবায়নের নিমিত্ত উপজেলা প্রকৌশলী জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, মদন<br>২। চেয়ারম্যান/প্রশাসক (সকল)<br>মদন, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| | তিনি সভায় আরো জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর খন্ডকালীন অফিসটি ব্যবহার অনুপযোগী জরুরীভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা হয়। | ঘ) উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর খন্ডকালীন অফিসটি সর্বোচ্চ ২০০০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে প্রাক্কলন প্রস্তুতপূবক পিআইসি কমিটির মাধমে বাস্তবায়নের নিমিত্ত উপজেলা প্রকৌশলী জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | (ক) উপজেলা পরিবার পরিকল্পনার বিভাগের সেবার মান বৃদ্ধিতে কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন |
| ৭. | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, টিআর, কাবিখা, কাবিটা'র ১ম পর্যায় ও ২য় পর্যায়ের বরাদ্দ পাওয়া গিয়াছে। জরুরীভিত্তিতে প্রকল্প দাখিলের জন্য ইউনিয়ন পরিষদের সম্মানীত চেয়ারম্যান/প্রশাসকগণকে অনুরোধ জানান। এ অর্থ বছরে প্রাপ্ত কম্বলসমুহ যথাযথভাবে বিতরণ করা হয়েছে। | টিআর, কাবিখা, কাবিটা'র ১ম পর্যায় ও ২য় পর্যায়ের বরাদ্দের অনুকূলে জরুরীভিত্তিতে প্রকল্প প্রস্তুতপূর্বক বিধিমোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয় | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মদন। |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিতি থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | (ক) মা ও শিশু সহায়তা তহবিলের কার্যক্রম যথাসময়ে সম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) বাল্যবিবাহ প্রতিরোধে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়ন পরিষদে একটি সচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ৯. | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের নতুন বই সব পাওয়া যায়নি। পুরাতন বই দিয়ে প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণি কাযক্রম চলছে। নতুন বই প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হবে। অফিসের জনবল সংকট রয়েছে। | (ক) বিদ্যালয়ে শিক্ষকদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং সরকার নির্ধারিত সময়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে মা সমাবেশ/মতবিনিময় সভায় আয়োজন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, মদন |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নিয়মিত শ্রেণি কার্যক্রম চলছে। নিয়মিত বিদ্যালয় মনিটরিং করা হচ্ছে। | (ক) প্রতিমাসে ০৫টি শিক্ষা প্রতিষ্ঠান ও ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক প্রতিবেদন সভায় অবহিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগঃ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান যে, অত্র উপজেলা সমাজসেবা দপ্তর হতে বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর ভাতা বেদে ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, বেদে জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, প্রতিবন্ধীকে শিক্ষা উপবৃত্তি এবং হিজড়া ভাতা বাবদ ১৫০০০ (পনের হাজার) ব্যক্তিকে ভাতা প্রদান করা হচ্ছে। সফটওয়ার সিস্টেমে কাজ চলমান থাকায় ভাতা প্রতিস্থাপন করা সম্ভব হচ্ছে না। সকল ভাতা সরকারি বিধি মোতাবেক প্রদান করা হচ্ছে। | (ক) উপজেলা সমাজসেবা অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা বিধি মোতাবেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন অফিস : উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এ অর্থ বছরের ১৪ টি ট্রেডের প্রশিক্ষণের মধ্যে ০৮ টি ট্রেডের প্রশিক্ষণ ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে। ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। | (ক) উপজেলা যুব উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বেকার যুবক, যুবতীদের প্রশিক্ষণ ও সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার এবং ঋন আদায় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মদন |
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস: উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। | (ক) উপজেলা পল্লী উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মদন |
| ১৪. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন শাখাঃ ব্যবস্থাপক, সভায় জানান যে, মদন উপজেলার পল্লী সঞ্চয় ব্যাংকের ১৮২ টি সমিতির ১০ হাজার উপকারভোগী রয়েছে। অর্ধবার্ষিক রিপোর্টে ১৫ লক্ষ টাকা লাভ হয়েছে। | (ক) উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) সক্ষমতা যাচাইপূর্বক জনগণকে অতি দ্রুত সময়ের মধ্যে ঋণ প্রদানে আন্তরিকভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন |
| ১৫. | জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, হাওর প্রকল্পের ১০৮ টি নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। ফতেপুর মিনি পাইপ ওয়াটার স্কীমের কাজ চলমান। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সাভাবিকভাবে চলমান আছে। | (ক) গভীর টিউবওয়েল ও স্যানিটেশন কার্যক্রমের উপকারভোগী নির্বাচনে অবশ্যই সরকারী বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং নির্বাচিত উপকারভোগীদের প্রোফাইল সভায় সকলের অবগতির জন্য উপস্থাপন করতে হবে।<br>(খ) গভীর টিউবওয়েল যাথযথভাবে স্থাপনে সরকারী বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস, মদন |
| ১৬. | উপজেলা দারিদ্র বিমোচন অফিসঃ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান দারিদ্র বিমোচনে বিভিন্ন শ্রেণি পেশার মানুষকে সহজ শর্তে ঋণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। | (ক) উপজেলা দারিদ্র বিমোচন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মদন। |
| ১৭. | উপজেলা সমবায় অফিস : উপজেলা সমবায় কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | (ক) মদন উপজেলায় কতোগুলো সমবায় সমিতির আছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত তদারকির করে বিস্তারিত সভায় অবহিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, মদন |
| ১৮. | মদন পৌরসভা: সচিব মদন পৌরসভা সভায় জানান যে, মদন বাজারে প্রাণী সম্পদ অফিসের আওতাধীন প্রকল্পের কাজ শেষ না হওয়ায় কিছুটা সমস্যা হচ্ছে। পৌরসভার কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | পৌরসভার কার্যক্রম বিধিমোতাবেক পরিচালনা করে জনগণের সেবার মান বৃদ্ধির বিষয়ে পৌরসভার কর্মকর্তা/কর্মচারীগণকে আন্তরিকতার সহিত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক মদন পৌরসভা। |

| | | | |
|---|---|---|---|
| ১৯. | চেয়ারম্যান, তিয়শ্রী ইউনিয়ন জানান যে, ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সে আর্সেনিকমুক্ত নলকূপ না থাকায় পরিষদে আগত লোকজনের সুপেয় পানি পানের জন্য সমস্যা হয়, তাই এ বিষয়ে জনস্বাস্থ্য প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | (ক) জনগণের সুবিধার্থে তিয়শ্রী ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সে আর্সেনিকমুক্ত নলকূপ স্থাপনের বিষয়ে জনস্বাস্থ্য প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মদন। |
| ২০. | চেয়ারম্যান, ফতেপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের রাস্তা ঘাট মেরামত করা প্রয়োজন। বৈশাখ মাসে হাওর থেকে ফসল আনার জন্য রাস্তাগুলো জরুরীভিত্তিতে সংস্কার করা প্রয়োজন। | প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে গ্রামীণ কাঁচা রাস্তাসমূহ জরুরী ভিত্তিতে মেরামত করার গৃহীত হয়। | চেয়ারম্যান ০৮ নং ফতেপুর ইউপি, মদন |
| ২১. | চেয়ারম্যান, চানগাঁও ইউনিয়ন পরিষদ সভায় মদন উপজেলার ০৫ টি ইউনিয়ন পরিষদে সদ্য নিয়োগপ্রাপ্ত প্রশাসকগণকে শুভেচ্ছা জানান। অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং সরকারি কর্মচারীদের সমন্বয়ে কাজ করার অনুরোধ জানান। তার এলাকার কিছু গ্রামীণ রাস্তা ঘাট মেরামত করা প্রয়োজন এ বিষয়ে আলোচনা করেন। | প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে মদন উপজেলার গ্রামীণ কাঁচা রাস্তাসমূহ জরুরী ভিত্তিতে মেরামত করার গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মদন |
| ২২. | উপজেলা পরিষদের কোয়ার্টার/বাসা ভাড়া আদায় সংক্রান্ত: প্রশাসক, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদের আয়ের প্রধান উৎস্য হলো উপজেলা পরিষদের আওতাধীন কোয়ার্টার/বাসা ভাড়া হতে প্রাপ্ত অর্থ। ট্রেজারী বিল ব্যতীত বাসা ভাড়া জমা হয়, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে। হিসাবের স্বচ্ছতার নিমিত্ত বাসা ভাড়া আদায়ের জন্য আলাদা একটি হিসাব খোলার বিষয়ে সভায় আলোচনা হয়। | 'উপজেলা পরিষদ কোয়ার্টার/বাসা ভাড়া আদায়' শিরোনামে উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলীর যৌথ স্বাক্ষরে সোনালী ব্যাংক মদন শাখায় একটি চলতি হিসাব খোলার নিমিত্ত উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী মদন, নেত্রকোণা। |
| ২৩. | বিএডিসি সেচ সংক্রান্ত: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, গত ০২.০১.২০২৫ তারিখের উপজেলা সেচ কমিটির সভায় ১৩১ টি আবেদনের মধ্যে ৭২ টি আবেদন অনুমোদন করা হয়, ০৫ টি আবেদন পুন:তদন্ত করার, ৫৪ টি আবেদন বাতিল করা হয় এবং ০৭ টি নবায়নের আবেদন নবায়ন করা হয়। এ বিষয়ে সভায় আলোচনা হয়। | বিএডিসির সেচের ১৩১ টি আবেদনের মধ্যে ৭২ টি আবেদন অনুমোদন করা হয়, ০৫ টি আবেদন পুন:তদন্ত করার, ৫৪ টি আবেদন বাতিল করা হয় এবং ০৭ টি নবায়নের আবেদন নবায়ন করা হয়। এ সংক্রান্ত ০২.০১.২০২৫ তারিখের উপজেলা সেচ কমিটির সভার সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ২৪. | প্রশাসক, উপজেলা পরিষদঃ এ উপজেলার সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে আন্তরিকতার সাথে কাজ করার অনুরোধ জানান। | প্রত্যেক দপ্তরের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল), মদন। |

অত:পর আর কোনা আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Ahanajinnat 21/01/25

(অহনা জিন্নাত)
প্রশাসক
উপজেলা পরিষদ
মদন, নেত্রকোণা

স্মারক নং -০৫.৪৫.৭২৫৬.০০০.০৬.০০২.১৯. ৪৭(৯)

তারিখঃ ২১.০১.২০২৫ খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যার্থে

১. উপজেলা...................................কর্মকর্তা, মদন, নেত্রকোণা (আগামী সভার ০৩দিন পূর্বে সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিকস ফ্রন্টে সফটকপি ও হার্ডকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় মেইলে unomadan@yahoo.com প্রেরণ করতে হবে)।
২. চেয়ারম্যান (সকল).............................ইউপি, মদন, নেত্রকোণা
৩. বেগম............................., সংরক্ষিত আসন,..........নং ওয়ার্ড, মদন, নেত্রকোণা
৪. সংশ্লিষ্ট নথি

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে
১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, নেত্রকোণা
৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা

Ahanajinnat 21/01/25

(অহনা জিন্নাত)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা
unomadan@mopa.gov.bd

উপস্থিত সদস্যদের তালিকা  পরিশিষ্ট-ক

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১. উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ১. প্রশাসক, মদন পৌরসভা |
| ২. উপজেলা কৃষি কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ২. চেয়ারম্যান, ০২ নং চানগাঁও ইউনিয়ন পরিষদ |
| ৩. উপজেলা মৎস্য কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ৩. চেয়ারম্যান, ০৬ নং তিয়শ্রী ইউনিয়ন পরিষদ |
| ৪. উপজেলা প্রকৌশলী (এলজিইডি), মদন, নেত্রকোণা। | ৪. চেয়ারম্যান, ০৮ নং ফতেপুর ইউনিয়ন পরিষদ। |
| ৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ৬. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মদন নেত্রকোণ। | |
| ৭. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ৮. উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, মদন, নেত্রকোণা | |
| ৯. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মদন, নেত্রকোনা। | |
| ১০. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১১. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১২. ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন, নেত্রকোণা। | |
| ১৩. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, মদন, নেত্রকোণা। | |
| ১৪. উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |
| ১৫. উপজেলা সমবায় কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | |

অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-খ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। | ১. চেয়ারম্যান, ০১নং কাইটাইল ইউনিয়ন পরিষদ |
| ২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মদন, নেত্রকোণা | ২. চেয়ারম্যান, ০৪ নং গোবিন্দশ্রী ইউনিয়ন পরিষদ |
| | ৩. চেয়ারম্যান, ০৭ নং নায়েকপুর ইউনিয়ন পরিষদ |
| | ৪. চেয়ারম্যান, ০৫ নং মাঘান ইউনিয়ন পরিষদ |
| | ৫. চেয়ারম্যান, ০৩ নং মদন ইউনিয়ন পরিষদ |

কর্মকর্তা ব্যতিত উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা  পরিশিষ্ট-গ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| | - |

২২/১/২৫

(আইনা জিন্নাত)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা।